**বাংলাদেশ সেনাবাহিনী সদর দপ্তর**
**ইনফরমেশন টেকনোলজি পরিদপ্তর**
**ঢাকা সেনানিবাস**

# নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনীর ইনফরমেশন টেকনোলজি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস কর্তৃক বাংলাদেশ সেনাবাহিনীর জন্য বিভিন্ন ধরনের সফট্ওয়্যার/এপ্লিকেশন তৈরী, উন্নয়ন এবং রক্ষনাবেক্ষণ করার জন্য নিম্নোক্ত পদসমূহের অনুকূলে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের নিমিত্তে পদের সামনে উল্লেখিত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | কাজের অভিজ্ঞতা | বয়স (অনুর্ধ) | বেতন-ভাতা |
|---|---|---|---|---|---|---|
| ১। | Team Leader | ০১ | B.Sc. computer science & engineering with MBA from reputed university will be an advantage | ১। কমপক্ষে ৫-৮ বছর বাস্তব অভিজ্ঞতা।<br>২। এককভাবে সফট্ওয়্যার নির্মাণ এবং বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে ব্যবস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। Android and iOS Apps তৈরী এবং বাস্তবায়নের অভিজ্ঞতা।<br>৪। Blockchain সম্পর্কে ধারণা এবং ব্যবহারিক প্রয়োগের বাস্তব অভিজ্ঞতা। | ৩০-৪০ বছর | আলোচনা সাপেক্ষে |
| ২। | Project Team Lead | ০৩ | Graduates from reputed university with a good knowledge in programming | ১। কমপক্ষে ০৫ বছর বাস্তব অভিজ্ঞতা।<br>২। এককভাবে সফট্ওয়্যার নির্মাণ এবং বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে ব্যবস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। Android and iOS Apps তৈরী এবং বাস্তবায়নের অভিজ্ঞতা।<br>৪। Blockchain সম্পর্কে ধারণা এবং ব্যবহারিক প্রয়োগের বাস্তব অভিজ্ঞতা। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |
| ৩। | Business Analyst Lead | ০১ | Graduates from reputed university with a good knowledge in programming | ১। কমপক্ষে ০৫ বছর বাস্তব অভিজ্ঞতা।<br>২। এককভাবে সফট্ওয়্যার নির্মাণ এবং বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে ব্যবস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। Android and iOS Apps তৈরী এবং বাস্তবায়নের অভিজ্ঞতা।<br>৪। Blockchain সম্পর্কে ধারণা এবং ব্যবহারিক প্রয়োগের বাস্তব অভিজ্ঞতা। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |
| ৪। | Quality Control Lead | ০১ | Graduates from reputed university with a good knowledge in programming. | ১। কমপক্ষে ০৫ বছর বাস্তব অভিজ্ঞতা।<br>২। এককভাবে সফট্ওয়্যার নির্মাণ এবং বৃহৎ প্রতিষ্ঠানে তাহা সফলভাবে ব্যবস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।<br>৩। Android and iOS Apps তৈরী এবং বাস্তবায়নের অভিজ্ঞতা।<br>৪। Blockchain সম্পর্কে ধারণা এবং ব্যবহারিক প্রয়োগের বাস্তব অভিজ্ঞতা। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |
| ৫। | Programmer/Developer (Microsoft ASP .Net, MS SQL) | ০২ | Graduates from reputed university with a good knowledge in programming | ১। কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২। কোম্পানীর সফট্ওয়্যার ডেভেলপমেন্ট টিম এর সাথে সফট্ওয়্যার নির্মাণ ও বৃহৎ প্রতিষ্ঠানে সফলভাবে ব্যবস্থাপনা এবং রক্ষনাবেক্ষণের বাস্তব অভিজ্ঞতা।<br>৩। Android and iOS Apps তৈরীর অভিজ্ঞতাকে প্রাধান্য দেওয়া হবে। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |
| ৬। | Programmer/Developer (Full Stack Developer, PHP Laravel, MySQL) | ০২ | Graduates from reputed university with a good knowledge in programming | ১। কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২। কোম্পানীর সফট্ওয়্যার ডেভেলপমেন্ট টিম এর সাথে সফট্ওয়্যার নির্মাণ ও বৃহৎ প্রতিষ্ঠানে সফলভাবে ব্যবস্থাপনা এবং রক্ষনাবেক্ষণের বাস্তব অভিজ্ঞতা।<br>৩। Android and iOS Apps তৈরীর অভিজ্ঞতাকে প্রাধান্য দেওয়া হবে। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |

(অপর পৃষ্ঠা)

| ক্রমিক | পদের নাম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | কাজের অভিজ্ঞতা | বয়স (অনুর্ধ্ব) | বেতন-ভাতা |
|---|---|---|---|---|---|---|
| ৭। | Programmer/Developer (Oracle Application Express, Oracle Database) | ০২ | Any Technical Graduates with a Moderate knowledge in programming. | ১। কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২। কোম্পানীর সফট্ওয়্যার ডেভেলপমেন্ট টিম এর সাথে সফট্ওয়্যার নির্মাণ ও বৃহৎ প্রতিষ্ঠানে সফলভাবে ব্যবস্থাপনা এবং রক্ষনাবেক্ষণ এর বাস্তব অভিজ্ঞতা।<br>৩। Android and iOS Apps তৈরীর অভিজ্ঞতাকে প্রাধান্য দেওয়া হবে। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |
| ৮। | Creative Leader | ০১ | Graduate in CS, diploma in Arts & Design | ১। কমপক্ষে ০৪ বছরের বাস্তব অভিজ্ঞতা।<br>২। Android and iOS Apps তৈরীর অভিজ্ঞতাকে প্রাধান্য দেওয়া হবে।<br>৩। সফট্ওয়্যার এর UX-UI এর পরিকল্পনা, ব্যবস্থাপনা এবং বাস্তবায়নের অভিজ্ঞতা। | ২৩-৩৫ বছর | আলোচনা সাপেক্ষে |

২। সকল প্রার্থীদের ক্ষেত্রে সেনাবাহিনীতে বড় ধরনের সফট্ওয়্যার ডেভেলপমেন্ট এবং Implementation এর পূর্ব অভিজ্ঞতা অর্জন প্রযোজ্য। প্রার্থীদের আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০৪ (চার) কপি (৫×৫) সাইজের ছবি, সমস্ত শিক্ষগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে), জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলরের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব সনদের অনুলিপি সত্যায়িত করে সংযুক্ত করতে হবে। এছাড়াও যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতঃ আবেদনপত্র **ইনফরমেশন টেকনোলজি পরিদপ্তর, জেনারেল ষ্টাফ শাখা, সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬**, এই ঠিকানায় আগামী **১৫ নভেম্বর ২০১৯** তারিখের মধ্যে ডাকযোগে পৌঁছাতে হবে।

৩। প্রার্থীদের জাতীয় পরিচয়পত্র থাকবে হবে। জাতীয় পরিচয়পত্র না থাকলে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত জাতীয় পরিচয়পত্রের রশিদ থাকতে হবে এবং নিয়োগের পূর্বে অবশ্যই নির্বাচন কমিশন হতে জাতীয় পরিচয়পত্র সংগ্রহ করতে হবে।

৪। বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদনপত্র পৌঁছানোর শেষ তারিখে আবেদনকারীর বয়স পদের সামনে উল্লেখিত বয়স সীমার মধ্যে থাকতে হব।

৫। সংশ্লিষ্ট পদের বিপরীতে সোনালী ব্যাংক লিমিটেড হতে **পরিচালক, আইটি পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস** এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ (অফেরতযোগ্য) এবং প্রাথীর বর্তমান ঠিকানা সম্বলিত একটি ফেরত খাম (দশ টাকার ডাক টিকিটসহ) সংযুক্ত করতে হবে।

৬। খামের উপর পদের নাম এবং নিজ জেলা অবশ্যই উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যে কোন আবেদনপত্র বাতিল ও সংরক্ষণসহ অন্য যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৭। মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট এবং জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে। নির্বাচনী মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী কোন প্রকার যাতায়াত ও দৈনিক ভাতা পাবেন না।

৮। **ব্যবহারিক পরীক্ষা**। ব্যবহারিক পরীক্ষা এককভাবে ০১-০২ দিন ব্যপী সময়ে নির্দিষ্ট স্থানে উপস্থিত থেকে সফট্ওয়্যার ডেভেলপমেন্ট এবং উপস্থাপন করতে হবে (স্থান, তারিখ ও সময় পরবর্তীতে জানানো হবে)।

৯। আবেদনপত্র পৌঁছানোর শেষ তারিখ **১৫ নভেম্বর ২০১৯।**

## সতর্কীকরণ

সেনাবাহিনীতে নিয়োগের সকল কার্যক্রম সেনানিবাসের সংশ্লিষ্ট দপ্তরের তত্ত্বাবধানে সম্পন্ন হয় এবং নির্বাচিত প্রার্থীদের নিয়োগপত্র সেনানিবাসের সংশ্লিষ্ট দপ্তর/ডাকযোগে প্রদান করা হয়। সেনাবাহিনীতে ভর্তির জন্য প্রতারক বা দালালের কবল থেকে সর্তক থাকুন। কেউ আর্থিক লেনদেনসহ কোন প্রকার প্রতারণা করার চেষ্টা করলে তাকে নিকটস্থ আইন প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করুন। ভুয়া ঠিকানা, ভুয়া সনদপত্র কিংবা ভূল তথ্য প্রদানের মাধ্যমে সেনাবাহিনীতে ভর্তির তথ্য উদঘাটিত হলে চাকুরীর যে কোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা (বরখাস্ত কারণসহ) গ্রহণ করা হবে।

**পরিচালক**
ইনফরমেশন টেকনোলজি পরিদপ্তর
জেনারেল স্টাফ শাখা
সেনাবাহিনী সদর দপ্তর
ঢাকা সেনানিবাস।